

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রয়াস প্রতিহত করা হইবে

(ইত্তেফাক রিপোর্ট) আগামী ৫ই মার্চ পর্যন্ত একমাস-
ব্যাপী দেশব্যাপী কর্মসূচী-বোষণা
করা হয়। আজ হইতে ২৮শে
ফেব্রুয়ারী পর্যন্ত দেশব্যাপী গণ-
সংযোগ ও প্রতিটি জেলায় প্রতি-
(১১শ পৃ: দ্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

রোধ কমিটির শাখা গঠন ও
সমাবেশ অনুষ্ঠান করা হইবে।
২৪শে ফেব্রুয়ারী দেশব্যাপী গণ-
বিক্ষোভ দিবস পালন। আগামী
৫ই মার্চ ঢাকায় জাতীয় মহাসমা-
বেশ অনুষ্ঠিত হইবে। জাতীয়
সমাবেশ হইতেই পরবর্তী বৃহত্তর
আন্দোলনের চূড়ান্ত কর্মসূচী বোষণা
করা হইবে।

সমাবেশের এক বোষণায়
বলা হয়, ইসলামী বিশ্ববিদ্যালয়
ধ্বংস করার অপপ্রয়াস যেকোন
মূল্যের বিনিময়ে প্রতিহত করার
বলিষ্ঠ প্রয়াস অব্যাহত থাকিবে।
সাথে সাথে দেশব্যাপী সর্বাত্মক
আন্দোলন গড়িয়া তুলিয়া বর্তমান
গণবিরোধী স্বৈরাচার উৎখাতের
সংগ্রামে আগাইয়া যাইবে।

মওলানা মহীউদ্দিন খানের
সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে
অন্যান্যের মধ্যে সংক্ষিপ্ত বক্তৃতা
করেন জামায়াতে ইসলামীর সেক্রে-
টারী জেনারেল মতিউর রহমান
নিজামী, মহানগরী জামায়াতে
ইসলামীর আমীর আবদুল কাদের
মোল্লা, মওলানা আবদুল মতিন,
এ, এস, এম, সোলায়মান ও
মুহঃ আয়েনউদ্দিন।

রক্তাগণ গাজীপুর হইতে ইস-
লামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর না
করার জোর দাবী জানাইয়া বলেন,
জনগণের দাবী অগ্রাহ্য করিয়া
বিশ্ববিদ্যালয়টি স্থানান্তর করিলে
সরকার তাহার পতনই ডাকিয়া
আনিবে।

মতিউর রহমান নিজামী বলেন,
শান্তিপূর্ণ হরতাল পালনই প্রমাণ
করে যে, জনগণ ইসলামী বিশু-
বিদ্যালয় গাজীপুর হইতে স্থানান্তর
না করার পক্ষে স্বতঃস্ফূর্ত রায়
প্রদান করিয়াছে। তিনি বলেন,
শান্তিকামী জনতার নিয়মতান্ত্রিক
আন্দোলনকে দুর্বলতা মনে করিলে
সরকার ভুল করিবেন।

বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতি-
রোধ কমিটির সমাবেশটি বায়তুল
মোকররম চত্বরে অনুষ্ঠিত হওয়ার
কথা থাকিলেও পুলিশ বাধা দেও-
য়ায় উহা প্রেস ক্লাবের সামনে
অনুষ্ঠিত হয়। সমাবেশের পূর্বে
বায়তুল মোকাররম হইতে একটি
বিক্ষোভ মিছিল বাহির করিয়া
প্রেস ক্লাবের সামনে জমায়েত হয়।